

সৃজনশীল

১. আবার জমবে মেলা বটতলা হাটখোলা অস্ত্রানে নবান্নের উৎসবে  
সোনার বাংলা ভরে উঠবে সোনায়, বিশ্ব অবাক চেয়ে রবে।  
আবার ভিতরে এসে বাংলার বন্দরে, বেসাতির বড় বড় মহাজন  
আবার খুঁজবে তারা সোনাফলা বাংলায় জহরত, হীরা, মণি-কাঞ্চন,

বাংলার গল্লে, গানে ও কথায় বিশ্বের আঙিনা মুখর হবে।  
আবার আনবে ছিনে বিশ্বের সম্মান, বাংলার কথা আর কবিতার  
মুন্ডির এ ইতিহাস পথিবীর বিস্ময়, বাস্তব ঘনের ছবি তার  
পথে ঘাটে প্রাস্তরে ঘরে আঙিনায় সৌরভে ভরা আর সৌরভে।

ক) চর্যাপদ কী?

খ) ক্ষুদ্রিম স্মরণীয় কেন?

গ) উদ্দীপকের বিষয়বস্তুতে ‘আমার পরিচয়’ কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে বলে মনে কর। ব্যাখ্যা  
কর।

ঘ) উদ্দীপকের কবিতাংশে ‘আমার পরিচয়’ কবিতার মূলভাব প্রতিফলিত হয় নি।’ উক্তিটির সার্থকতা মূল্যায়ন  
কর।

২. অসীম ও মাসুম দুই বন্ধু। অসীম প্রবাসী। সে বিদেশে বিলাবহুল জীবন যাপন করতে বেশী পছন্দ করে। কিন্তু  
মাসুম নিজ দেশেই সাধারণ ভাবে বাঁচতে চায়। তার মতে অনেক ত্যাগ আর সংগ্রামের পথ পাঢ়ি দিয়ে আমরা  
এদেশের মাটিকে পেয়েছি। আমাদের রয়েছে হাজার বছরের পুরোনো সমৃদ্ধ এক ইতিহাস ও ঐতিহ্য। তাই এ  
মাটির সম্মান রক্ষার দায়িত্বও আমাদের।

ক) বাংলা ভাষা ও সাহিত্যের প্রথম নির্দর্শনের নাম কী?

খ) ‘বাংলা আলপথ’ বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?

গ) ‘আমার পরিচয়’ কবিতার সাথে অসীমের ভাবনার বৈশাদৃশ্য দেখাও।

ঘ) ‘এ মাটির সম্মান রক্ষার দায়িত্বও আমাদের’ – উক্তিটি ‘আমার পরিচয়’ কবিতার আলোকে বিশ্লেষণ কর।

৩. বাঙালির ঐতিহ্য হাজার বছরের। চিরকলা, নাট্যকলা, সংগীতকলা ইত্যাদিতে বাংলার সংস্কৃতি সমৃদ্ধ।

বিদ্রোহে বাঙালির ইতিহাস বীরত্বপূর্ণ। কর্ম নৈপুণ্যে বাঙালি দক্ষ। সম্পদে এ ভূমি ভরপুর। আমি বাংলার  
সন্তান। বাংলার ঐতিহ্যই আমার আমার পরিচয়। বাংলার সংস্কৃতি আমি লালন করি মনে প্রাণে।

ক) সৈয়দ শামসুল হক কার বিদ্রোহী গ্রাম থেকে এসেছেন?

খ) বিদ্রোহী ক্ষুদ্রিমামের পরিচয় দাও।

গ) উদ্দীপকের সাথে কোন বিষয়ে ‘আমার পরিচয়’ কবিতার সাদৃশ্য আছে ব্যাখ্যা কর।

ঘ) বাংলার ঐতিহ্যই ‘আমার পরিচয়’ – উক্তিটির যথার্থতা নিরূপণ কর।

জ্ঞানমূলক

১. বরেন্দ্রভূমের সোনা মসজিদ কোন জেলায় অবস্থিত?
২. বাঙালি জাতির বৌজমন্ত্র কী?
৩. ‘আলপথ’ শব্দের অর্থ কী?
৪. ‘পায়ের আওয়াজ পাওয়া যায়’ কোন ধরনের রচনা?
৫. চর্যাপদ কে আবিষ্কার করেন?
৬. ভাষা আন্দোলন হয় কত সালে?
৭. কৈবর্ত বিদ্রোহ কার বিরুদ্ধে হয়েছিল?
৮. তিতুমীরের আসল নাম কী?
৯. দেউল কী?
১০. ‘মহ্যার পালা’ কী?
১১. ‘আমার পরিচয়’ কবিতার চরণ কয়টি?
১২. ক্ষুদ্রিমকে কেন ফাঁসি দেওয়া হয়?
১৩. আমার পরিচয় কবিতায় কবি ‘কমলার দীঘি’ ও ‘মহ্যার পালা’র কথা উল্লেখ করেছেন কোন ঐতিহ্য বোঝাতে?
১৪. ‘সওদাগরের ডিঙার বহর’ বলতে কী বোঝানো হয়েছে?
১৫. ‘আমার পরিচয়’ কবিতায় কী খুঁজে পাওয়া যায়?
১৬. ‘আমার পরিচয়’ কবিতায় আউল-বাউলদের দেউল কী দিয়ে তৈরি?
১৭. সৈয়দ শামসুল হক কত তারিখে জন্মগ্রহণ করেন?
১৮. ‘আমার পরিচয়’ কবিতায় কবি চর্যাপদের কোন উপাদান থেকে এসেছেন?
১৯. মুসলমানদের ফরজ কাজসমূহ পালনে উদ্বৃদ্ধ করার জন্য আন্দোলন করেন কে?
২০. কবি হাজার চরণ চিহ্ন কোথায় ফেলে এসেছেন?
২১. রাজা ধর্মপালদেবের রাজত্বকাল হলো-
২২. ‘চর্যাপদ’ কী?
২৩. পাহাড়পুরের বৌদ্ধবিহার কোন জেলায় অবস্থিত?
২৪. ‘আমার পরিচয়’ কবিতায় বাংলা লোকসাহিত্যের উপাদানগুলো হলো-
২৫. মাস্টার দা সূর্য সেন আজীবন কী করেছেন?
২৬. তিতুমীর কত সালে জন্মগ্রহণ করেন?
২৭. হাজী শরিয়তউল্লাহ কোন জেলায় জন্মগ্রহণ করেন?

## সৃজনশীল:

১। উত্তরবঙ্গের বক্সা পাহাড়ের ডরাগা গ্রামে অবস্থিত ১১১ বছরের পুরোন এই হেরিটেজ ডাকঘর আজও চলছে রানারের ভরসায়। এই ডাকঘরের কর্মী বলতে আছে মাত্র দুইজন। পোস্টমাস্টার শ্রীজনা থাপা ও রানার শক্তির মণ্ডল। এখানে প্রায় ২৮ মাইল জুড়ে ১১৩টি গ্রামে চিঠি পৌছে দেওয়ার কাজ করেন রানার শক্তির মণ্ডল। সমুদ্রপৃষ্ঠ থেকে প্রায় আড়াই হাজার ফুট উচ্চতায় অবস্থিত এই ডাকঘরের রানার শক্তির রোজ প্রায় ১০টি চিঠি বোৰাই ব্যাগ বয়ে নিয়ে যায় বিভিন্ন পাহাড়ি গ্রামে। পাহাড় থেকে নামতে কষ্ট না হলেও ব্যাগ ভর্তি চিঠি নিয়ে উঠতে কষ্ট হয় খুব। তবে বর্ষাকালে সেই কষ্ট বেড়ে যায় অনেকটাই।

ক) রানার কীসের বেগে যায়? ১

খ) 'এ রানার দুর্বার দূর্জয়।' ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের শক্তির মণ্ডল 'রানার' কবিতার কাদের প্রতিনিধি? আলোচনা কর। ৩

ঘ) উদ্দীপক ও 'রানার' কবিতার মূলকথা যেন এক ও অভিন্ন।' যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

২। কাজী নজরুল ইসলাম রচিত 'ভাব ও কাজ' প্রবন্ধে প্রাবন্ধিক ভাব ও কাজের মধ্যে সমবয় সাধন করতে বলেছেন। ভাব হলো কাজের শক্তি বা উৎসাহ-উদ্দীপনা। তবে শুধু ভাব থাকলেই কাজ উদ্বার হয়ে যায় না। এর জন্য চাই বাস্তবিক জ্ঞান অর্থাৎ কর্মশক্তি। তবে ভাব ছাড়া আবার কার্যক্ষেত্র অচল। তাই সফল হতে চাওয়ার জন্য ভাব ও কাজের সমন্বয় করা আবশ্যিক।

ক) সুকান্ত ভট্টাচার্য কত সালে জন্মগ্রহণ করেন?

খ) প্রিয়জনেরা চিঠির অপেক্ষায় থাকে কেন?

গ) উদ্দীপকে 'রানার' কবিতার কোন দিকটি বিদ্যমান? ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকটি 'রানার' কবিতার সমগ্রভাব ধারণ করে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।



নবম শ্রেণি

বাংলা ১ম পত্র

রানার

---

জ্ঞানমূলক:

১. রানার কী অর্থে ব্যবহৃত হয়েছে?
২. ‘দুর্বার’ অর্থ কী?
৩. ‘হরতাল’ কার লেখা কাব্যগ্রন্থ?
৪. সুকান্ত কত বছর বয়সে মারা যান?
৫. সুকান্ত ভট্টাচার্যের লেখায় কী প্রতিধ্বনিত হয়েছে?
৬. রানার চললে কী বাজে?
৭. রানার কখন ছোটা শুরু করে?
৮. রানারের হাতে কী ঠঠন্ঠন করে?
৯. রানারকে আলো দেয় কে?
১০. রানার কখন শহরে পৌছে যাবে?
১১. রানারের হাতে কীসের বোৰা থাকে?
১২. কে হাতে খবরের বোৰা নিয়ে ছুটে চলছে ?
১৩. কারা আকাশে মিটমিট করে চায়?
১৪. রানারের জীবনের দুঃখ কেবল কে জানবে?
১৫. রানার বলতে কী বোঝা?

নবম ও দশম শ্রেণি  
বাংলা ১ম পত্র  
স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো

---

১. ‘শিল্পী, কবি, দেশি কি বিদেশি সাংবাদিক  
খন্দের শ্রমিক, ছাত্র, বুদ্ধিজীবী, সমাজ সেবিকা  
সবাই এলেন ছুটে, পল্টনের মাঠ শুনবেন  
দুর্গত এলাকা প্রত্যাগত বন্দ মৌলানা ভাসানী  
কী বলেন। রোদালোকে দাঁড়ালেন তিনি দৃঢ়, খজু,  
শোনালেন কিছু কথা, যেন নেতা নন,  
অলৌকিক স্টাফ রিপোর্টার।’  
ক) ‘স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো’ কবিতাটি কোথা থেকে সংকলিত?  
খ) ‘মার্চের বিরুদ্ধে মার্চ’ বলতে কী বোঝানো হয়েছে?  
গ) উদ্ভৃত কবিতাংশে ‘স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো’- কবিতার যে দিকটি প্রতিফলিত হয়েছে  
তার বর্ণনা দাও।  
ঘ) উদ্বীপকের মৌলানা ভাসানী এবং নির্মলেন্দু গুগের ‘কবি’ এক সূত্রে গাঁথা-বিশ্লেষণ করো।
২. দুলিতেছে তরী, ফুলিতেছে জল, ভুলিতেছে মাঝি পথ  
ছিঁড়িয়াছে পাল, কে ধরিবে হাল, আছে কার হিমত?  
কে আছে জোয়ান, হও আগ্যান, হাঁকিছে ভবিষ্যৎ,  
এ তুফান ভারি, দিতে হবে পাড়ি, নিতে হবে তরী পার!  
ক) সব স্মৃতি মুছে দিতে কী উদ্যত?  
খ) ‘চেকে দেয়া এই ঢাকার হৃদয় মাঠখানি’- বলতে কী বোঝানো হয়েছে?  
গ) উদ্বীপকটিতে ‘স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো’- কবিতার কোন দিকটি উন্মোচিত হয়েছে?  
ঘ) “উদ্বীপকটি ‘স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো’- কবিতার সমগ্রভাবকে ধারণ করোনি”-মূল্যায়ন  
করো।

নবম ও দশম শ্রেণিবাংলা ১ম পত্রস্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলোজ্ঞানযুক্ত:

১. নির্মলেন্দু গুণ কোন গ্রামে জন্ম গ্রহণ করেন?
২. নির্মলেন্দু গুণের পেশা কী?
৩. নির্মলেন্দু গুণের দুটি কাব্যগ্রন্থের নাম লিখ।
৪. নির্মলেন্দু গুণের একটি ছোটগল্পের নাম লিখ।
৫. কোন শিশুদের জন্য কবি শ্রেষ্ঠ বিকেলের গল্প লিখেছেন?
৬. ৭ই মার্চের স্মৃতি মুছে দিতে কী উদ্যত হয়েছে?
৭. কবিতা শোনার জন্য লোহার শ্রমিকরা কীভাবে এসেছিল?
৮. কবিতা শোনার জন্য কৃষকরা কীভাবে এসেছিল?
৯. কবিতা শোনার জন্য মধ্যবিত্তরা কীভাবে এসেছিল?
১০. কার মত দৃঢ় পায়ে কবি জনতার মধ্যে দাঁড়িয়েছিলেন?
১১. কীসের মঞ্চ কাঁপিয়ে কবি তাঁর অমর কবিতাখানি শোনালেন?
১২. নির্মলেন্দু গুণ কত সালে উচ্চ মাধ্যমিক পাস করেন?
১৩. কোন কলেজ থেকে নির্মলেন্দু গুণ উচ্চ মাধ্যমিক পাস করেন?
১৪. ‘গণসূর্যের মঞ্চ’ বলতে কী বোঝানো হয়েছে?
১৫. ‘উন্নত’ শব্দের অর্থ কী?
১৬. ‘কখন আসবে কবি?’ - এই অধীর অপেক্ষা কাদের?
১৭. ৭ই মার্চ জনসভায় আসা মধ্যবিত্তের হাতে কী ছিল?
১৮. সেদিনের শিশু পার্কের মাঠ কীসে ঢাকা ছিল?
১৯. নির্মলেন্দু গুণ রচিত নিচের কোনটি শিশুতোষ উপন্যাসের নাম লিখ।
২০. বঙ্গবন্ধুর অমর ঘোষণার মাধ্যমে কী প্রকাশিত হয়েছে?
২১. ‘উলঙ্গ কৃষক’ বলতে কী বোঝানো হয়েছে ?
২২. ‘বিমুখ প্রাণ্তরে’ অর্থ কী?
২৩. ‘স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো’ কবিতায় সেদিন কোথায় জোয়ার এসেছিল?
২৪. বঙ্গবন্ধু ১৯৭১ সালের মার্চের কত তারিখে অমর বাণীটি উচ্চারণ করেন?
২৫. কখন থেকে উদ্যান অভিমুখে লোকজন আসতে শুরু করেছিল?

১। ঘণ্য যম-দৃত-সেনা এড়িয়ে সীমান্তপারে ছোটে

পথে পথে অনশনে অস্তিম যন্ত্রণা রোগে ত্রাসে

সহস্রের অবসান, হস্তারক বালুদে বন্দুকে

মূর্ছিত-মৃতের দেহ বিদ্ধ করে, হত্যা-ব্যবসায়ী

বাংলাদেশ-ধ্বংস-কাব্যে জানে না পৌছল জাহানামে

এ জন্মেই;

ক) কারা অসুর ন্ত্য করে?

খ) 'ভেবেছিল অঙ্গে মাত হবে' - এ ভাবনা কীভাবে মিথ্যা প্রমাণিত হয়েছিল?

গ) "উদ্বীপকের উদ্ভূত চরণগুলোতে 'সাহসী জননী বাংলা' কবিতার আংশিক ভাব ফুটে উঠেছে।" তা তুলে ধর।

ঘ) 'মূর্ছিত-মৃতের দেহ বিদ্ধ করে।'- উক্তিটি সংশ্লিষ্ট কবিতার আলোকে বিষ্টারিতভাবে বিশ্লেষণ কর।

২। যখন হানাদারবধ সংগীতে

ঘৃণার প্রবল মন্ত্রে জাহাত

স্বদেশের তরঞ্জ হাতে

নিত্য বেজেছে অবিরাম

মেশিনগান , মর্টার হোনেড।

ক) মধ্যরাতে কারা এসেছিল?

খ) বর্ণমালা পথে পথে তেপাত্তর ঘুরছিল কেন?

গ) উদ্বীপকের অনুভব 'সাহসী জননী বাংলা' কবিতার অনুভবের সাথে সাদৃশ্যপূর্ণ- ব্যাখ্যা কর।

ঘ) "উদ্বীপকের ভাবনা 'সাহসী জননী বাংলা' কবিতার সামগ্রিক পরিচয় নয়"- মূল্যায়ন কর।

৩। 'একবার মরে ভুলে গেছে আজ

মৃত্যুর ভয় তারা।

সাবাশ বাংলাদেশ, এ পৃথিবী

অবাক তাকিয়ে রয়।

জলে-পুড়ে মরে ছারখার

তবু মাথা নোয়াবার নয়।'

ক) 'সাহসী জননী বাংলা'- কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

খ) বর্ণমালা পথে পথে তেপাত্তরে ঘুরেছিল কেন?

গ) উদ্বীপকের সাথে 'সাহসী জননী বাংলা' কবিতার সাদৃশ্য তুলে ধরো।

ঘ) "উদ্বীপকটি 'সাহসী জননী বাংলা' কবিতার সামগ্রিক পরিচয় নয়।"- মূল্যায়ন করো।

নবম ও দশম শ্রেণি  
বাংলা ১ম পত্র  
‘সাহসী জননী বাংলা’

---

১. কামাল চৌধুরী কোন ধরনের কবি?
২. অসুরদের কথা কোথায় বর্ণিত হয়েছে?
৩. বর্তমানে কামাল চৌধুরী কোথায় নিয়োজিত আছেন?
৪. আর্যগণ কাদের ঘৃণার চোখে দেখতেন?
৫. ‘উদ্বাস্ত’ শব্দের অর্থ কী?
৬. অসুরের সাথে সাদৃশ্য রয়েছে কাদের?
৭. বাঙালির প্রতিবাদী বৈশিষ্ট্য ফুটে উঠেছে ‘সাহসী জননী বাংলা’ কবিতার নিচের কোন পঙ্ক্তিতে?
৮. কামাল চৌধুরী কোন বিশ্ববিদ্যালয় থেকে ম্লাতক ও ম্লাতকোত্তর ডিপ্রি লাভ করেন?
৯. ‘কার্তুজ’ অর্থ কী?
১০. মুক্তিযুদ্ধে বাঙালি মাতৃভূমির মুক্তির লক্ষ্য কী উৎসর্গ করেন?
১১. ‘নীলকমল’ এর শাব্দিক অর্থ কী?
১২. কারা দেশের সাথে দিনরাত জেগে কাটিয়েছে?
১৩. চির কবিতার দেশ কোনটি?
১৪. ‘সাহসী জননী বাংলা’ কবিতাটির বক্তা কে?
১৫. অনার্যগণ আর্যদের কীরকম চোখে দেখত?
১৬. সাহসী জননী বাংলা কোন নদীর তীরে জেগে থাকে?
১৭. কবি কামাল চৌধুরী কোন বিষয়ে ম্লাতক ও ম্লাতকোত্তর ডিপ্রি লাভ করেন?
১৮. কামাল চৌধুরী কোন বিষয়ে ম্লাতক ও ম্লাতকোত্তর ডিপ্রি লাভ করেন?
১৯. ‘সাহসী জননী বাংলা’ কবিতার পটভূমি কী?
২০. কবি কামাল চৌধুরী কোন জাতিগোষ্ঠী সম্পর্কে গবেষণা করে পিএইচডি ডিপ্রি অর্জন করেন?

২১. কবি কামাল চৌধুরী কোন জেলায় জন্মগ্রহণ করেন?

২২. খর্বদেহ কাদের?

২৩. কোন জাতির বীরত্ব ও শৌর্যের সুদীর্ঘ ইতিহাস আছে?

২৪. 'তোদের অসুর নৃত্য' - এখানে 'তোদের' বলতে কাদের বলা হয়েছে?

২৫. 'সাহসী জননী বাংলা' কবিতায় কোন কোন নদীর নাম উচ্চারিত হয়েছে?

২৬. কোনটি কবি কামাল চৌধুরীর কিশোর কবিতাগুটু?

২৭. 'সাহসী জননী বাংলা' কবিতার প্রেক্ষাপট কী?

২৮. কবি 'সাহসী জননী' বলেছেন কাকে?

২৯. কবি 'বাঘের থাবা' বলতে বুঝিয়েছেন -

৩০. বাঙালি জাতি ভীতু - এ মনোভাব কাদের ছিল?

৩১. সাহসী জননী বাংলার বুকে কী চাপা পড়ে যাচ্ছে?

৩২. 'মহা প্রতিরোধ' কাদের বিরঞ্ছে?

৩৩. আর্যদের আগমনের পূর্বে বাংলাদেশে কারা বসবাস করত?

৩৪. 'সাহসী জননী বাংলা' কবিতায় পথে পথে তেপান্তরে কে ঘোরে?

৩৫. 'সাহসী জননী বাংলা' কবিতাটি কামাল চৌধুরী তার কোন গ্রন্থ থেকে সংকলন করেছেন?

৩৬. বাঙালি কীসের জন্য রক্তাক্ত হাত মুচড়ে দিয়েছিল?

৩৭. কামাল চৌধুরী সাহিত্যে তাৎপর্যময় অবদানের জন্য কী পুরস্কার পান?

৩৮. কামাল চৌধুরীর জন্ম তারিখত কত?

৩৯. 'রক্তাক্ত হাত মুচড়ে দিয়েছি' কথাটির দ্বারা 'সাহসী জননী বাংলা' কবিতায় কবি কামাল চৌধুরী বাঙালির

কোন মনোভাবকে তুলে ধরেছেন?

৪০. যারা আর্যগণের পূর্বে ভারতে বসবাস করতেন তারা কোন নামে পরিচিত?



নবম ও দশম শ্রেণি  
বাংলা ১ম পত্র  
তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা

১। পাকিস্তান রাষ্ট্রের জন্মালগ্ন থেকেই শাসকগোষ্ঠী শুরু করে নানা বৈষম্যনীতি। তারা পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ মানুষের ভাষাকে বাদ দিয়ে উর্দুকে রাষ্ট্রভাষা করার ঘড়িযন্ত্র করে। কিন্তু এ দেশের ছাত্র-শিক্ষকসহ আপামর জনতা এর বিরচে তীব্র বিক্ষোভে ফেটে পড়ে, বিসর্জন দেয় বুকের তাজা রক্ত।

ক) কার সিঁথির সিঁদুর মুছে গেল?

খ) জলপাই রঙের ট্যাংককে কবি দানব বলেছেন কেন?

গ) উদ্দীপকের যে ভাবটি ‘তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা’ কবিতায় পাওয়া যায় তা ব্যাখ্যা কর।

ঘ) “তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা” কবিতায় বর্ণিত দিকগুলোর একটি মাত্র দিক উদ্দীপকে ফুটে উঠেছে।’ – মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর।

২। একান্তরের পাক হানাদার

মানুষ ছিল না ওরা, ছিল বুনো জানোয়ার

ভাইয়ের সামনে বোনকে মেরেছে,

মায়ের কোলে শিশু

ওদের কাছে হার মেনেছে

বনের হিংস্র পশু।

ধর্মকে ওরা ঢাল করেছে,

দিয়েছে মানুষ বলি

আগুন দিয়ে জুলিয়ে দিয়েছে

বাংলার অলিগনি।

সম্ভ্রম নিয়েছে মায়ের, বোনের,

বিধবা করেছে শত

ধৰ্মসের উল্লাসে মেতেছে ওরা হিংস্র হায়েনার মতো।

ক) জেলেপাড়ার সবচেয়ে সাহসী লোক কে?

খ) বাঙালিকে বারবার রক্তগঙ্গায় ভাসতে হয়েছিল কেন?

গ) উদ্দীপকে ‘তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা’ কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকে ‘তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা’ কবিতার সমগ্র ভাব প্রকাশ পেয়েছে কি? যৌক্তিক

বিশ্লেষণ কর।

নবম ও দশম শ্রেণিবাংলা ১ম পত্রতোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা'

১. শামসুর রাহমান ইন্টারমিডিয়েট পাস করেন কোন কলেজ থেকে?
২. মেঘনার মাঝি উদাম বাড়ে নৌকা চালানোর সময় কী বলে?
৩. দহন, নিপীড়ন, লুঠন, নির্যাতন, হত্যাযজ্ঞ - শব্দগুলো তোমার পাঠ্যবইয়ের কোন কবিতার ক্ষেত্রে প্রযোজ্য?
৪. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় কে আসবে বলে সাকিনা বিবির কপাল ভাঙল?
৫. রুম্মত শেখের ফুসফুস এখন পোকার দখলে কেন?
৬. কবি শামসুর রাহমান কোথায় জন্মগ্রহণ করেন?
৭. তেজি তরুণ রাইফেল কাঁধে বনে জঙ্গলে ঘুরে বেড়ায় কেন?
৮. স্বাধীনতা কোনটি উড়িয়ে আসবে?
৯. মোল্লাবাড়ির বিধবা কী ধরে দাঁড়িয়ে আছে?
১০. শামসুর রাহমান রচিত কাব্যগুলোর নাম লিখ।
১১. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় পথের ধারে শূন্য থালা হাতে বসেছিল -
১২. শামসুর রাহমান কত সালে মৃত্যুবরণ করেন?
১৩. থুঁশড়ে বুড়োর চোখের নিচে কী?
১৪. মোল্লাবাড়ির বিধবার ঘরটি ছিল -
১৫. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় কার ফুসফুস এখন পোকার দখলে?
১৬. স্বাধীনতা আসবে বলে গ্রামের পর গ্রাম কী হয়েছে?
১৭. 'স্বাধীনতা' হলো একটি দেশের প্রত্যেক নাগরিকের -
১৮. পিতামাতার লাশের ওপর কে হামাঞ্জি দিল?
১৯. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় 'নতুন নিশান' দ্বারা কী বোঝানো হয়েছে?

২০. কাদের জীবনের প্রত্যাশা, হতাশা ও সংগ্রাম শামসুর রাহমানের কবিতায় বিধ্রূত?

২১. মতলব মির্যা পেশায় কৌ?

২২. কর্মজীবনে শামসুর রাহমান কোন পেশা গ্রহণ করেন?

২৩. স্বাধীনতাকে কোথায় আসতেই হবে?

২৪. ‘তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা’ কবিতায় হরিদাসীর সিঁথির সিঁদুর মুছে গেল কেন?

২৫. কেমন ঘোষণার ধরনি প্রতিধ্বনি তুলে স্বাধীনতা আসবে?

২৬. শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক কীসের প্রতীক?

২৭. ‘প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে’ কাব্যটি কে রচনা করেন?

২৮. ‘যত্রত্র’ শব্দটি কোন শব্দের অভিধায় দেখা যায়?

২৯. মেঘনা নদীর কোন অবস্থায় ‘গাজী গাজী’ উচ্চারিত হয়?

৩০. শামসুর রাহমান বাংলা একাডেমী পুরস্কার ও একুশে পদক পান কেন?

৩১. ‘তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা’ কবিতায় জেলেপাড়ার সবচেয়ে সাহসী লোকটি কে?

৩২. সনাতন ধর্মে সিঁথির সিঁদুর মুছে ফেলা হয় কেন?

৩৩. কবিতার বিষয় ও উপাদানে শামসুর রাহমান কী কেন্দ্রিক?

৩৪. ‘মেশিনগান খই ফোটাল’ কথাটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?

৩৫. স্বাধীনতা আসবে বলে ছাত্রাবাসের সাথে উজাড় হলো -

৩৬. কবি শামসুর রাহমান কত সালে জন্মগ্রহণ করেন?

৩৭. শামসুর রাহমানের ‘বিধ্বন্ত নীলিমা’ কোন জাতীয় গ্রন্থ?



## নবম ও দশম শ্রেণি

বাংলা ১ম পত্র

একাত্তরের দিনগুলি

### সৃজনশীল প্রশ্ন:

১। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র মুক্তিযোদ্ধাদের উজ্জীবিত করতে নেপথ্যে ভূমিকা রেখেছিল। তারেক মাসুদ ‘মুক্তির গান’ প্রামাণ্যচিত্রে দেখিয়েছেন শিল্পীরা বিভিন্ন মুক্তিযুদ্ধের ক্ষয়স্মৈ দিয়ে মুক্তিযোদ্ধাদের উজ্জীবিত করেছেন। যুদ্ধ কেবল মুক্তিযোদ্ধারা করেনি। এ যুদ্ধে শিল্পী, কলাকুশলী ও শব্দ সৈনিকের ভূমিকাও ছিল।

ক) যুদ্ধের সময় জামী কোন শ্রেণির ছাত্র ছিল?

খ) ‘নিয়াজীর আত্মসমর্পণ আনন্দের কিন্তু শরীফের কুলখানি বেদনার’ কেন?

গ) উদ্দীপকের ভাবনা ‘একাত্তরের দিনগুলি’র কোন দিককে উন্মোচিত করেছে? ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের অনুভব ‘একাত্তরের দিনগুলি’র সমগ্র অনুভবকে ধারণ করে কী? মূল্যায়ন কর।

২। তুমি আসবে বলে, হে স্বাধীনতা

সাকিনা বিবির কপাল ভাঙল,  
সিঁথির সিঁদুর মুছে গেল হরিদাসীর  
তুমি আসবে বলে, হে স্বাধীনতা,  
ছাত্রাবাস, বন্তি উজাড় হলো। রিকয়েললেস রাইফেল  
আর মেশিনগান খই ফোটাল যত্নতত্ত্ব।

ক) ১৬ ডিসেম্বর কয়টা পর্যন্ত আকাশ যুদ্ধ বিরতির কথা ছিল?

খ) ‘মাছ খাওয়াই বাদ দিয়েছি এ জন্যে’- উক্তিটিতে কী বোঝানো হয়েছে?

গ) উদ্দীপকের সঙ্গে ‘একাত্তরের দিনগুলি’র সাদৃশ্য বর্ণনা করো।

ঘ) “উদ্দীপকটিকে ‘একাত্তরের দিনগুলি’ রচনার মূল ভাবটি ফুটে উঠেছে”-কথাটির যথার্থতা যাচাই করো।

৩। মুক্তিযোদ্ধাদের অস্থায়ী ক্ষয়স্মৈ যুদ্ধাহতদের সেবা-শুশ্রাব করছিলেন সেবিকা হোসনে আরা। হৃদয়বিদারক সেই স্মৃতি আজও তাঁকে তাড়িত করে। অবসর সময়ে তিনি নাতি-নাতনিদের নিয়ে মুক্তিযোদ্ধাদের ত্যাগের কথাগুলো স্মৃতিচারণ করেন।

ক) ‘মার্সিপিটিশন’ অর্থ কী?

খ) ‘দেশে কিছুই স্বাভাবিকভবে চলছে না’ কেন? ব্যাখ্যা করো।

গ) উদ্দীপকের বিষয়টি নবীন প্রজন্মকে উদ্বৃদ্ধ করবে- তা ‘একাত্তরের দিনগুলি’ রচনার আলোকে ব্যাখ্যা করো।

ঘ) উদ্দীপকের হোসনে আরার কর্মকাণ্ড এবং ‘একাত্তরের দিনগুলি’ রচনার লেখিকার প্রয়াস এক ও অভিন্ন-উক্তিটি বিশ্লেষণ করো।

জ্ঞানমূলক-

১. মুক্তিযুদ্ধের সময় মতিউর রহমানের পদবি ছিল কোনটি?
২. 'না, মার্সি পিটিশন কর।'- উক্তিটিতে লেখকের কার প্রতি মমত্ববোধ প্রকাশ পেয়েছে?
৩. 'আলাটিমেটাম' শব্দের অর্থ কোনটি ?
৪. 'ভয়টা আসলে মনে।'-এখানে কীসের ভয়ের কথা বলা হয়েছে?
৫. 'একাডেমিক দিনগুলি' কোন ধরনের রচনা?
৬. 'মুক্তিফৌজ' বলতে কাদের বোঝানো হয়েছে?
৭. 'একাডেমিক দিনগুলি' রচনায় উল্লিখিত ১৬ ডিসেম্বর কী বার ছিল?
৮. 'একাডেমিক দিনগুলি' রচনায় শরীফ লেখকের কে হন?
৯. 'একাডেমিক দিনগুলি' রচনায় জেনারেল নিয়াজী কত হাজার পাকিস্তানি সৈন্য নিয়ে আত্মসমর্পণ করেন?
১০. জামী স্কুলে যাচ্ছে না কেন?
১১. সারা দেশ থেকে 'পিস' উধাও কেন?
১২. কাকে 'শহিদ জননী' উপাধি দেয়া হয়েছে?
১৩. পাকিস্তানি বাহিনী বাংলাদেশে আক্রমণ চালায় কেন?
১৪. 'চরমপত্র' বলতে কী বোঝায়?
১৫. জাহানারা ইমাম কত সালে জন্মগ্রহণ করেন?
১৬. ১৬ই ডিসেম্বর পাকিস্তানিরা ছাড়া কারা পালাচ্ছিল?
১৭. 'বুকানিয়ার' নামক গোলাপের রং কী?
১৮. 'পিস' ফুলের রং কী?
১৯. ১৬ ডিসেম্বর ১৯৭১ কী বার ছিল?
২০. কী করলে রূমী ছাড়া পেত?
২১. জাহানারা ইমাম মনকে ব্যন্ত রাখতে চেয়েছেন কেন?
২২. 'কথিকা' কী?
২৩. সুজা সাহেবের ভাস্তের নাম কী?
২৪. স্বাধীন বাংলা বেতারে 'সালেহ আহমেদ' ছদ্মনামের খবর পাঠক কে ছিলেন?
২৫. 'একাডেমিক দিনগুলি' কী ধরনের রচনা?

নবম ও দশম শ্রেণিবাংলা ১ম পত্রমমতাদিসৃজনশীল:

১। সাদাম একজন নির্মাণ শ্রমিক। সে তার কাজের ক্ষেত্রে সৎ, দক্ষ ও পরিশ্রমী। সে সবার সঙ্গেই ভদ্র ব্যবহার করে। তার কাছে কেউ কাজ শিখতে চাইলে সে খুশি হয়েই কাজ শিখিয়ে দেয়। তার সততা, দক্ষতা, সহযোগি ও মার্জিত আচরণ সত্ত্বেও ম্যানেজার তার সঙ্গে দুর্ব্যবহার করে, মাইনেও কম দেয়। অসহায় সাদাম নিরূপায় হয়েই সব কিছু সহ্য করে।

- ক) মমতাদি কত টাকা মাইনে আশা করেছিল?
- খ) স্বামীর চাকুরি হওয়ার পরও কেন মমতাদি রাঁধনীর কাজ করতে চাইল?
- গ) উদ্দীপকের সাথে ‘মমতাদি’ গল্লের যে বৈসাদৃশ্য রয়েছে তা বিশ্লেষণ কর।
- ঘ) “উদ্দীপক ও ‘মমতাদি’ গল্লের বাস্তবতা সম্পূর্ণ আলাদা” - মন্তব্যটির যথার্থতা মূল্যায়ণ কর।

২। হাসান সাহেবের বাড়ির গৃহকর্মী হিসেবে এক মাস হলো চাকরি নিয়েছে কল্পনা। হাসান সাহেবের স্ত্রী নিজেও একটি ব্যাংকে চাকরি করেন বলে ঘরের কোনো কাজেই সময় দিতে পারেন না। তাই অল্পবয়সী অভাবগ্রস্ত পরিবারের কল্পনা যখন নিজের সংসারের দুরবস্থার কথা বলে কাজ করতে চাইল, তখন মিসেস হাসান খুশি হয়েছিলেন। কিন্তু তিনি দেখলেন কল্পনার কোনো কাজে মন নেই। তার কাজগুলোও অগোছালো। কোনো কাজের কথা বললে করে, নইলে ফেলে রাখে। মিসেস হাসান বিরক্ত হলেও মুখে কিছু বলতে পারেন না, যদি কাজ ছেড়ে চলে যায়, তাহলে তো তিনি আরো বিপদে পড়বেন।

- ক) লেখকের মায়ের কাছে মমতাদির কাজের জন্য আবেদনের ধরন কেমন ছিল?
- খ) জীবনময় লেনটাকে লেখকের কাছে যমালয়ের পথ বলে মনে হলো কেন?
- গ) উদ্দীপকের কল্পনার সঙ্গে ‘মমতাদি’ গল্লের মমতাদি চরিত্রের কী বৈসাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো।
- ঘ) “উদ্দীপকটি ‘মমতাদি’ গল্লের আংশিকভাব ধারণ করেছে”- মন্তব্যটির যথার্থতা যাচাই করো।

৩। আকলিমার স্বামী কোনো কাজ করে না, তাই তিনি অন্যের বাড়িতে কাজ করেন। স্বল্প আয়ে সংসার চলে না বলে বিভিন্ন বাড়ি থেকে তেল, মসলা, পেঁয়াজ, রসুন এনে রান্নার কাজে ব্যবহার করেন। অন্যের বাড়িতে তাঁর কাজ করতে ইচ্ছে করে না, তবুও বাধ্য হয়ে করতে হয়।

- ক) মমতাদির স্বামীর চাকরি কবে হয়েছে বলে সে লেখকের মাকে জানায়?
- খ) মমতাদিকে কেউ মেরেছে বলে লেখকের সন্দেহ হলো কেন? ব্যাখ্যা করো।
- গ) আকলিমার সঙ্গে ‘মমতাদি’ গল্লের মমতাদির কোন দিকটির বৈসাদৃশ্য আছে? ব্যাখ্যা করো।
- ঘ) ‘মমতাদি’ গল্লের মূল ভাব প্রতিফলিত হয়েছে কি? বিশ্লেষণ করো।

নবম ও দশম শ্রেণিবাংলা ১ম পত্রমমতাদি

- 
১. ‘মমতাদি’ গল্পে লেখক মমতাদিকে গেটের কাছে পাকড়াও করেছিলেন কেন?
  ২. মমতাদির বেতন কত টাকা নির্ধারণ করা হয়েছিল?
  ৩. মানিক বন্দ্যোপাধ্যায় মোট কতটি উপন্যাস রচনা করেন?
  ৪. মমতাদির সঙ্গে কথা বলার জন্য ছটফট করছে কে?
  ৫. মমতাদির শাড়ির পাড়টি কেমন ছিল?
  ৬. ‘কাজগুলিকে সে আপনার করে নিল’ - এ চিত্রকল্পে মমতাদি চরিত্রের কোন দিকটি প্রকাশ পেয়েছে?
  ৭. মমতাদির টোক দুটির একটি রং চটে গেছে আর একটির ---
  ৮. ‘রাঁধুনী’ শব্দটি ব্যাকরণের কোন নিয়মে গঠিত হয়েছে?
  ৯. মমতাদি ঘরে ব্যস্ত হয়ে চুকে কী করল?
  ১০. খোকাকে মমতাদির আপ্যায়ন ছিল -
  ১১. মমতাদি কেন অনাবশ্যক জোর দিয়ে নিজেকে রাঁধুনী বলেছিলেন?
  ১২. ছেলেটির বাড়িতে মমতাদির কততম চাকরি ছিল?
  ১৩. খোকা শীতের সকালের রোদে বসে কী করছিল?
  ১৪. খোকা মমতাদিকে কী দেখাতে চেয়েছিল?
  ১৫. বিক্রমপুর অঞ্চলটি কোন জেলায় অবস্থিত?
  ১৬. ‘মমতাদি’ গল্পে লেখক কী করতে ব্যস্ত হয়ে উঠেছিলেন?
  ১৭. শোবার ঘরকে অন্য ঘরের চেয়ে মান দেওয়া হয়েছে কেন?
  ১৮. মমতাদি কত নম্বর বাড়িতে থাকে?
  ১৯. ‘তুমি রাঁধুনী?’ প্রশ্নটি কার?
  ২০. “হঠাৎ সে তরকারী নামাতে ভারি ব্যস্ত হয়ে পড়ল” - কে?

২১. ‘মমতাদি’ কেমন ঘরের নারী?

২২. মানিক বন্দ্যোপাধ্যায় কত বছর বয়সে ‘দিবারাত্রির কাব্য’ উপন্যাসটি রচনা করেন?

২৩. মানিক বন্দ্যোপাধ্যায়ের আসল নাম কী?

২৪. বাড়ির কুটুমরা কী নিয়ে এসেছিল?

২৫. লেখকদের বাড়িতে কে একগাদা রসগোল্লা আর সন্দেশ নিয়ে এসেছিল?

২৬. বেলা কয়টা পর্যন্ত মমতাদির একটা কাশির শব্দও শোনা গেল না?

২৭. মর্যাদাসম্পন্ন ঘরের নারী হয়েও অন্যের বাড়িতে কাজ নিতে বের হওয়াকে ‘মমতাদি’ গল্পে কোন উপমা দ্বারা প্রকাশ করা হয়েছে?

২৮. ‘ভাবিস না, তোকে খুব ভালোবাসবে’ - এ কথা বলার কারণ হলো -

২৯. স্বামীর চাকরি হওয়ার পরও মমতাদি চাকরি ছেড়ে চলে গেল না কেন?

৩০. জীবনময় লেনের নাম যমালয়ের পথ ভাবার কারণ কী?

৩১. রান্নাঘরের চটগুলি কীসের ধোঁয়ায় কয়লার বর্ণ পেয়েছে?

৩২. মানিক বন্দ্যোপাধ্যায়ের ‘সরীসৃপ’ গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

৩৩. ‘বামুনদি’ শব্দের পরিপূর্ণ রূপ কী?

৩৪. মানিক বন্দ্যোপাধ্যায়ের মামার বাড়ি কোন গ্রামে?

৩৫. ‘সীমান্ত’ শব্দটি ‘মমতাদি’ গল্পে কোন অর্থে ব্যবহৃত হয়েছে?

৩৬. মমতাদির স্বামীর কত মাস চাকরি নেই?

৩৭. ‘মমতাদি’ গল্পে কে রান্না ছাড়া ছোট ছোট কাজও করবে?

৩৮. মমতাদিকে দেখে কে নিজেদের বাড়ির একজন মনে করে?

১. আজগর সাহেবের ছোট মেয়ে আদিনা বাড়ির আঙিনায় খেলাধুলা করছে। খেলতে খেলতে পুকুরপাড়ে চলে যায় এবং হঠাৎ পুকুরে পড়ে যায়। সাঁতার না জানার কারণে প্রায় ডুবে মরতে বসেছিল সে। এ অবস্থা দেখে তাদের পোষা কুকুর এগিয়ে যায় এবং তাকে উদ্বার করে পাড়ে তোলে। আদিনাকে উদ্বার করলেও কুকুরটি আজগর সাহেবের পালা কুমিরের ফাঁদে পড়ে জীবন হারায়।

ক) দাওয়াতের চিঠি লেখার জন্য মহারাজার বাড়িতে কী ছিল?

খ) লেখক আনন্দে ও আতঙ্কে শিউড়ে শিউড়ে উঠতেন কেন? বুবিয়ে লিখ।

গ) উদ্বীপকের সাথে ‘নিয়তি’ গল্লের কার সাদৃশ্য রয়েছে? বর্ণনা কর।

ঘ) “উদ্বীপকের কুকুরটি ‘নিয়তি’ গল্লের কুকুরটির পরিণতি এক হলেও প্রেক্ষাপট ভিন্ন।” মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো।

২. পশুপ্রেমিক নিলয় ছোটবেলা থেকে বিভিন্ন প্রাণীর লালন পালন করত। বাধা নামের একটি কুকুর নিলয়ের পিছু ছাঢ়ত না। নিলয়ের আকস্মিক মৃত্যুতে কুকুরটি তার কবরের পাশে আর্তনাদ করতে থাকে। কিছুদিন পরে কুকুরটিকে নিলয়ের কবরের পাশে মৃত অবস্থায় দেখতে পাওয়া যায়।

ক) মহারাজার বাড়ির ইলেক্ট্রিসিটির উৎস কী ছিল?

খ) ‘কী আশ্চর্য অনুভূতি’ বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর।

গ) উদ্বীপক ও ‘নিয়তি’ গল্লের সাদৃশ্যপূর্ণ দিকটি আলোচনা করো।

ঘ) উদ্বীপকে ‘নিয়তি’ গল্লের সমগ্রভাব প্রকাশ পেয়েছে কি? মতামত দাও।

৩. এক কৃষকের একটি বেজি ছিল। বেজিটি তার শিশুস্তানের সঙ্গে খেলা করত। এক দিন কৃষকটি ক্ষেত থেকে এসে দেখে বেজির মুখে রক্ত। সে ভাবল নিশ্চয়ই বেজিটি তার স্তানের ক্ষতি করেছে। সে হাতের লাঠি দিয়ে বেজিকে সজোরে আঘাত করল। তারপরে ঘরে ছুটে গেল। দেখে শিশুটি মেরোতে ঘুমাচ্ছে আর তার পাশেই একটি বিষধর সাপ রক্তান্ত অবস্থায় মরে পড়ে আছে। সে বুবল উপকারী বেজির সঙ্গে সে চরম অন্যায় করেছে।

ক)

খ)

গ)

ঘ)

➤ প্রদত্ত উদ্বীপক ব্যবহার করে প্রশ্ন তৈরি করে উত্তর লিখ।

- 
১. লেখকের মা কাকে দুবেলা খাবার দেন?
  ২. জগদলের দিন আনন্দময় হওয়ার কারণ কী?
  ৩. কে অত্যন্ত ক্ষমতাশালী ছিলেন?
  ৪. উড়ির মালিক দেশ ছেড়ে কোথায় চলে গেছেন?
  ৫. মহারাজার বাড়ি কার হাতে চলে গেছে?
  ৬. মহারাজার বাড়ির অবস্থান কোথায়?
  ৭. লেখকের বিকেলগুলি কেমন ছিল?
  ৮. তিনি ভাইবোন কোথায় বসে গায়ে রোদ মাখে?
  ৯. বেঙ্গল টাইগারকে খানদানি বলা হয়েছিল কেন?
  ১০. হৃষ্মায়ুন আহমেদ কোন রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছিলেন?
  ১১. লেখকের বালক চিত্তে কোন বিষয়টি বিদেনার সঞ্চার করে?
  ১২. কোন জায়গায় লেখকের স্বপ্নময় দিনগুলো কেটেছিল?
  ১৩. লেখকের বাবা কীভাবে কুকুরটিকে মেরেছিলেন?
  ১৪. লেখকের বাবা প্রতিদিন কোথায় বেড়াতে যান?
  ১৫. বন থেকে কোন প্রাণি বের হতো?
  ১৬. সেই সময়ে জগদলে কোন রোগ কুখ্যাত ছিল?
  ১৭. মহারাজার বাড়িতে ইলেকট্রিসিটির ব্যবস্থার জন্য কী ছিল?
  ১৮. মহারাজার ছাপাখানা প্রযোজন হতো কেন?
  ১৯. লেখক তার বাবার সাথে কোন সময় পর্যন্ত ঘূরতেন?
  ২০. লেখকের নিজেকে দৈত্যের মত মনে হতো কখন?
  ২১. কুকুরটি কিসের অপেক্ষা করে?
  ২২. কেউটে সাপটি কোনদিক থেকে বের হয়ে আসছিল?
  ২৩. বেঙ্গল টাইগার সাপটিকে কীভাবে মেরে ফেলল?
  ২৪. দ্বিতীয় দিনে কুকুরটির কী অবস্থা হয়েছিল?
  ২৫. কুকুরটি কার মনে গভীর ছাপ ফেলেছিল?

নবম ও দশম শ্রেণিবাংলা ১ম পত্রপয়লা বৈশাখ

১. কালের বিবর্তনে নববর্ষের সঙ্গে সম্পর্কিত অনেক পুরানো উৎসবের বিলুপ্তি ঘটেছে, আবার সংযোগ ঘটেছে অনেক নতুন উৎসবের। চিরস্থায়ী বন্দোবস্ত বিলুপ্তির সঙ্গে সঙ্গে পুণ্যাহ উৎসবের বিলুপ্তি ঘটে। তখন পহেলা বৈশাখ ছিল জমিদারদের পুণ্যাহের দিন। ঢাকার ঘূড়ি ওড়ানো এবং মুসিগঞ্জের গরুর দৌড় প্রতিযোগিতা ছিল এক সময় অত্যন্ত জাঁকজমকপূর্ণ। কিন্তু এদুটিসহ ঘোড় দৌড়, ঘাড়ের লড়াই, মোরগের লড়াই, পায়রা ওড়ানো, নৌকা বাইচ, বহুরূপীর সাজ ইত্যাদি গ্রামবাংলার জনপ্রিয় খেলা বর্তমানে আর তেমন প্রচলিত নেই। বর্তমানে প্রচলিত বিভিন্ন আঘওলিক অনুষ্ঠানের মধ্যে চট্টগ্রামের বলীখেলা এবং রাজশাহীর গাঁত্রিয়া প্রবল উৎসাহ-উদ্দীপনায় অনুষ্ঠিত হয়।

- ক) নববর্ষ এক অন্তিমকে বিদায় দিয়ে অন্য জীবনে প্রবেশ করায় কী প্রকাশ করে?
- খ) ধর্মনিরপেক্ষ চেতনা বলতে কী বুঝা?
- গ) ‘পয়লা বৈশাখ’ প্রবন্ধে প্রকাশিত নববর্ষ উদযাপনের কোন দিকগুলো উদ্দীপকে অনুপস্থিত? ব্যাখ্যা কর।
- ঘ) ‘সামাজিক প্রকৌশলীদের আজ বাংলা নববর্ষের মধ্যে সচেতনভাবে নতুন মাত্রা যোগ করতে হবে।’ লেখকের এই প্রত্যাশা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর।

২. কালের পরিক্রমায় বর্তমানে পয়লা বৈশাখ মধ্যবিহু ও উচ্চবিভিন্নের একটি ফ্যাশনে পরিণত হয়েছে। বছরের এই একটা দিনই তারা নিজেদের বাঙালি করার প্রচেষ্টা চালায়। পান্তা-ইলিশ আর মেলায় যোগ দিয়ে তারা ভাবে এটাই প্রকৃত বাঙালিয়ানা। প্রকৃত অর্থে বাঙালি হতে হবে বাইরে নয় অন্তরে, পয়লা বৈশাখের তাৎপর্যকে প্রতিষ্ঠাপিত করতে হবে অন্তরে।

- ক) ‘পয়লা বৈশাখ’ রচনাটি কোন গ্রন্থ থেকে সংকলিত হয়েছে?
- খ) সামাজিক প্রকৌশলী বলতে লেখক কাদের বোঝাতে চেয়েছেন?
- গ) উদ্দীপকের উচ্চবিভিন্নের বাঙালিপনার বিষয়টি ‘পয়লা বৈশাখ’ প্রবন্ধের কোন বিষয়টিতে প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর।
- ঘ) ‘প্রকৃত বাঙালি হতে হলে পয়লা বৈশাখকে অন্তরে ধারণ করতে হবে’ - মন্তব্যটির সাথে কী তুমি একমত? ‘পয়লা বৈশাখ’ প্রবন্ধের আলোকে তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও।

৩. হায়দার সাহেব ছেলে জাওয়াদকে নিয়ে গেলেন একুশের বইমেলায়। বইকে ঘিরে মেলায় আয়োজন করা হয়েছে নানা সাংস্কৃতিক অনুষ্ঠান। জাওয়াদ বই কিনল আর লোকসমাগম ও সাংস্কৃতিক অনুষ্ঠান দেখে আনন্দে উৎফুল্ল হয়ে উঠল। ফেরার পথে বাবা বললেন, ‘একুশের বইমেলা আজ আমাদের ঐতিহ্যে পরিণত হয়েছে।’

- ক) নববর্ষ উদ্যাপনের কোন কোন ক্ষেত্রে তারতম্য লক্ষ করা যায়?
- খ) আবুল ফজল বাংলা নববর্ষকে এ দেশের জনগণের ‘নওরোজ’ বলে উল্লেখ করেছেন কেন? ব্যাখ্যা করো।
- গ) অনুচ্ছেদে বর্ণিত বইমেলার আনন্দের দিকটি ‘পয়লা বৈশাখ’ প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো।
- ঘ) ‘একুশের বইমেলা আজ আমাদের ঐতিহ্যে পরিণত হয়েছে’-‘পয়লা বৈশাখ’ প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো।

নবম ও দশম শ্রেণিবাংলা ১ম পত্রপয়লা বৈশাখ

১. 'সাহিত্য কোষ' বইটি কার লেখা?
২. উপমহাদেশ বিভক্ত হয়েছিল কত সালে?
৩. অধ্যাপক কবীর চৌধুরীর উল্লেখযোগ্য রচনাসমূহ হলো -
৪. বর্তমানে পয়লা বৈশাখের আনন্দনুষ্ঠানের প্রাণকেন্দ্র কোথায়?
৫. 'শাভিনিস্টিক' কী?
৬. 'পয়লা বৈশাখ' গল্পের শেষ বাক্য কোনটি?
৭. রাখিবন্ধন উৎসব কোন পূর্ণিমায় করা হয়?
৮. কবীর চৌধুরী মৃত্যুবরণ করেন ২০১১ সালের কত তারিখে?
৯. ভারতীয় উপমহাদেশ কত সালে বিভক্ত হয়?
১০. পয়লা জানুয়ারিকে উদ্দেশ্য করে কবিতা লিখেছেন কে?
১১. ঐতিহাসিক আবুল ফজল নববর্ষকে কী বলে উল্লেখ করেছেন?
১২. ধর্মের নামে নৃশংসতার ইতিহাস কোন সময়ের?
১৩. তুমি কোন চেতনায় উদ্বৃদ্ধ হয়ে বাংলা নববর্ষ উদযাপন করবে?
১৪. 'নওরোজ' কোন ভাষার শব্দ?
১৫. ব্রিটিশদের কাছে স্বাধীনতার সূর্য হারানোর সময় বাংলার শেষ শাসক কে ছিলেন?
১৬. কবীর চৌধুরী কোন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক হিসেবে অবসর গ্রহণ করেন?
১৭. সাম্রাজ্যবাদ অর্থ কী?
১৮. বাংলা নববর্ষ উদযাপনে কারা বাধার সৃষ্টি করেছিল?
১৯. প্রথিবীর সবদেশে নববর্ষ উদযাপনের ক্ষেত্রে কোন মৌলিক ধারণাটি চোখে পড়ে?
২০. 'আমাদের ঐতিহ্য তো মীর মদন ও মোহন লালের' বলতে কী বোঝানো হয়েছে?
২১. ভারতীয় উপমহাদেশে উপনিবেশ স্থাপন করেছিল কারা?
২২. 'Colony' শব্দটির সমার্থক কী?
২৩. পয়লা বৈশাখে 'হালখাতা' অনুষ্ঠানের আয়োজন করে কারা?
২৪. ১৯৪৭ সালে উপমহাদেশ বিভক্তির ফলে কোন দুটি রাষ্ট্রের জন্ম হয়?
২৫. রাখিবন্ধন উৎসব কখন হয়?
২৬. হালখাতা ও মিঠাই বিতরণ কোন অনুষ্ঠানের গুরুত্বপূর্ণ অংশ?

---

জ্ঞানমূলকঃ

১. কবিতা কাকে বলে?

২. কবিতার প্রধান রূপ কী কী?

৩. বাংলা ভাষায় মহাকাব্যের চূড়ান্ত সফল রূপ প্রকাশিত হয়েছে কোন মহাকাব্যে?

৪. ভারতীয় উপমহাদেশের সর্ব প্রাচীন কাহিনী দুটির নাম লিখ।

৫. মহাভারত সম্পর্কে কী বলা হয়ে থাকে?

৬. বঙ্গিমচন্দ্রের গীতিকাব্য সম্পর্কে সংজ্ঞাটি লিখ।

৭. বিশ্বসাহিত্যের সর্বাপেক্ষা প্রাচীন শাখা কোনটি?

৮. সংস্কৃত আলঙ্কারিকদের মতে কাব্য কত প্রকার ও কী কী?

৯. নাটক কয়টি অঙ্কে বিভক্ত? কী কী?

১০. কাহিনীর বিষয়বস্তু ও পরিণতির বিচারে নাটক কত প্রকার ও কী কী?

১১. বাংলা কবিতার বিশেষ দুটি ধারার জনক কে?

১২. ট্রাজেডির ভেতরে কয়টি অংশ ক্রিয়াশীল থাকে?

১৩. দৃশ্যকাব্য কী?

১৪. ‘ডাকঘর’ কী?

১৫. প্রবন্ধের মূখ্য শ্রেণি দুটি কী কী?

১৬. বাংলা নাটকের যুগন্ধির পুরুষ কে?

১৭. একাঙ্কিকা কী?

১৮. ‘প্রফুল্ল’ কোন ধরনের নাটক?

১৯. সাহিত্যের বিভিন্ন শাখা কী কী?

২০. ছোটগল্পের অনুপ্রেরণা কোন সাহিত্য থেকে এসেছে?

অনুধাবনমূলক:

১. উপন্যাস পাঠক সমাজে জনপ্রিয়তার শীর্ষে কেন? ব্যাখ্যা কর।
২. বাংলা নাটকের ক্ষেত্রে প্রথম যুগান্তকারী প্রতিভা কার এবং কেন?
৩. “শেষ হইয়াও হইল না শেষ” বলতে কী বোঝানো হয়েছে?
৪. প্রহসন কী? ব্যাখ্যা কর।
৫. মহাকাব্য বলতে কী বুঝা?
৬. গীতিকবিতা বলতে কী বুঝা?
৭. “বাংলা ভাষার শরীর” বলতে লেখক কী বুঝিয়েছেন?
৮. ট্র্যাজেডি সম্পর্কে এরিসট্রটলের মন্তব্য লিখ।
৯. নাটককে দৃশ্যকাব্য ও শ্রব্যকাব্য বলা হয় কেন?

১. ড. মুহম্মদ শহীদুল্লাহ বলেছেন, এক বিরাট পল্লী সাহিত্য বাংলাদেশে ছিল। আজ উপযুক্ত গবেষক এবং আগ্রহী সাহিত্যিকদের উদ্যোগে ও প্রচেষ্টায় সেই সম্পদগুলো সংগ্রহ করা একান্ত প্রয়োজন। বাংলাদেশের লোক-সাহিত্যের সংরক্ষণ ও প্রসারের জন্য পল্লী সাহিত্যের বিচ্চির সম্পদ যত্নের সঙ্গে আহরণ করা একান্ত আবশ্যিক।

ক) মহাভারত সম্পর্কে কী বলা হয়ে থাকে?

খ) ছোটগল্লের প্রকৃতি সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুর কবিতার ছন্দে কী বলেছেন?

গ) উদ্বীপকটি ‘সাহিত্যের রূপ ও রীতি’ প্রবন্ধের কোন অংশের ভাবকে ধারণ করেছে? ব্যাখ্যা করো।

ঘ) ‘উদ্বীপকে বর্ণিত দিকটিই সাহিত্যের একমাত্র দিক নয় বরং এর শাখা-শাখা বিস্তৃত।’ মন্তব্যটি বিশ্লেষণ করো।

২. ত্রিক নাট্যকার সফোক্লিসের একটি সার্থক ট্র্যাজেডি নাটক ‘ইডিপাস’। দেবতার অমোগতায় ইডিপাস নিজের অজান্তে তার পিতাকে হত্যা করেন এবং মাতাকে বিয়ে করেন; কিন্তু সত্য প্রকাশ পেলে তার জীবনে নেমে আসে চরম বিপর্যয়।

ক) ‘প্রফুল্ল’ গ্রন্থটির রচয়িতা কে?

খ) নাটককে দৃশ্যকাব্য ও শ্রব্যকাব্য বলা হয় কেন?

গ) উদ্বীপকের বক্তব্য ‘সাহিত্যের রূপ ও রীতি’ রচনার কোন দিকটিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর।

ঘ) উদ্বীপকটি ‘সাহিত্যের রূপ ও রীতি’ রচনার খণ্ডাংশ মাত্র। বক্তব্যটির যথার্থতা যাচাই কর।

৩. ‘এটি সাহিত্যের সর্বাপেক্ষা প্রাচীন শাখা। সাহিত্যের সকল শাখার মধ্যে এটি একমাত্র যা সরকারি সমাজকে ও পাঠককে প্রভাবিত করতে চায়।’

ক) ‘বন্দে মাতরম’ কী ধরনের গীতি কবিতা?

খ) ‘সাহিত্য বিশাল পরিধির একটি বিষয়’- ব্যাখ্যা করো।

গ) উদ্বীপকে ‘সাহিত্যের রূপ ও রীতি’ প্রবন্ধের কোন শাখাটির বৈশিষ্ট্য ফুটে উঠেছে? এর পরিচয় দাও।

ঘ) ‘উদ্বীপকে বর্ণিত শাখাটিই ‘সাহিত্যের রূপ ও রীতি’ প্রবন্ধের একমাত্র দিক নয়, সাহিত্যের প্রায় শাখা এখানে বর্ণিত হয়েছে।’- মূল্যায়ন করো।